গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

# সরকারি প্রফুল্ল চন্দ্র কলেজ, বাগেরহাট

নং

তারিখ : ২৪/০৩/২০২৫ খ্রি.

## ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তির সময় বৃদ্ধির বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তির প্রাথমিক অনলাইন আবেদন নিম্নোক্ত প্রক্রিয় ও সময়সূচি অনুযায়ী সম্পন্ন হবে-

১. ভর্তিচ্ছু শিক্ষার্থীরা ১৫/০৪/২০২৫ খ্রি. তারিখ রাত ১২.০০ টার মধ্যে www.nu.ac.bd/admission ওয়েব ঠিকানায় প্রবেশ করে Honours Tab এ গিয়ে Apply Now (Honours) ট্যাবে প্রবেশ করে বিশ্ববিদ্যালয়ের নির্দেশনা অনুসারে অনলাইন আবেদন ফরম পূরণ করে হার্ডকপি প্রিন্ট করবে।

২. আবেদন ফরম পূরণের পর https://pccollege.studentpay.net/apply-fees লিংকে প্রবেশ করে শিক্ষার্থীর Name, Mobile, আবেদন ফরমে প্রাপ্ত Admission Roll সহ অন্যান্য প্রয়োজনীয় তথ্যসমূহ পূরণ করে PAY NOW মেনুতে ক্লিক করে যে কোনো পেমেন্ট পদ্ধতি অনুসরণ করে শিক্ষার্থীরা প্রাথমিক আবেদন ফি ৭০০/- (সাতশত মাত্র) টাকা ১৬/০৪/২০২৫ খ্রি. তারিখের মধ্যে পরিশোধ করে INVOICE প্রিন্ট করবে। এছাড়া কলেজের অফিসিয়াল ওয়েবসাইট https:// pc.college.gov.bd এ প্রবেশ করে **প্রাথমিক আবেদন ফি** মেনু ব্যবহার করে Application Fee ট্যাবে ক্লিক করেও আবেদন ফি জমা দেওয়া যাবে।

৩. অনলাইনে প্রাথমিক আবেদন ফি জমা দেওয়ার পর ১৬/০৪/২০২৫ খ্রি. তারিখের মধ্যে নিম্নোক্ত কাগজপত্র কলেজ কাউন্টারে জমা দিতে হবে :
ক) অনলাইনে পূরণকৃত আবেদন ফরমের প্রিন্টকপি (নির্ধারিত স্থানে স্বাক্ষরসহ)।
খ) প্রাথমিক আবেদন ফি পরিশোধের INVOICE এর প্রিন্ট কপি।

কলেজে কাগজপত্র জমা দেওয়ার পর কলেজ কর্তৃপক্ষ শিক্ষার্থীর আবেদন নিশ্চয়ন করবে এবং শিক্ষার্থীর মোবাইলে এসএমএস এর মাধ্যমে জানিয়ে দেওয়া হবে। কাগজপত্র জমা দেওয়ার পরবর্তী দুই কর্মদিবসের মধ্যে মোবাইলে এসএমএস না পেলে শিক্ষার্থী কলেজ কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করবে।

ভর্তি সম্পর্কিত যে কোন তথ্যের জন্য প্রয়োজনে যোগাযোগ: জনাব শেখ আবদুল গফফার, সহযোগী অধ্যাপক, দর্শন বিভাগ, মোবাইল নং : ০১৭১২-০১৮৯৯২, জনাব মফিজুল ইসলাম, সহকারী অধ্যাপক, দর্শন বিভাগ, মোবাইল নং : ০১৬৭৪-৮৯৭১৭২, জনাব খান নাজমুস সাকিব, প্রভাষক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, মোবাইল নং : ০১৭২৪-৪৬৮৮০৯, (সকাল ৯:০০ টা থেকে বিকাল : ৪:০০ টা) অত্র কলেজ। এবং অনলাইন পেমেন্ট সংক্রান্ত সমস্যা সমাধানে যোগাযোগ : +8809611900275.

**প্রতিস্বাক্ষর**

24/03/25

**অধ্যক্ষ**
**সরকারি প্রফুল্ল চন্দ্র কলেজ, বাগেরহাট**

24/03/25

**আহ্বায়ক**
**১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কমিটি**
**সরকারি প্রফুল্ল চন্দ্র কলেজ, বাগেরহাট**

# জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর-১৭০৪

স্মারক নং: ১০(২২৬)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/২০২৫/৩১২৬

তারিখ: ২০/০৩/২০২৫

**২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমে অনলাইন প্রাথমিক আবেদনের সময় বৃদ্ধি সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি**

ভর্তি বিষয়ক ওয়েবসাইট: (www.nu.ac.bd/admissions)

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমে অনলাইন প্রাথমিক আবেদনের সময় ১৫ এপ্রিল ২০২৫ তারিখ রাত ১২টা পর্যন্ত বৃদ্ধি করা হলো। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) থেকে আগ্রহী প্রার্থীদের অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে এবং প্রাথমিক আবেদন ফি বাবদ ৭০০/- (সাতশত) টাকা টাকা সংশ্লিষ্ট কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাকিং এর মাধ্যমে অথবা সরাসরি ১৬ এপ্রিল ২০২৫ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে।

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির অনলাইন ভর্তি কার্যক্রমে প্রাথমিক আবেদন ফরম পূরণের শর্তসমূহ ও ভর্তি সংক্রান্ত নির্দেশিকা জানতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions) **Honours** অপশনে গিয়ে **Honours Admission Guideline** লিংকে ক্লিক করতে হবে। আবেদনকারীকে অবশ্যই ভর্তি নির্দেশিকায় বিবৃত সকল শর্ত মেনে অনলাইন আবেদন ফরম পূরণ করতে হবে।

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমে অনলাইন আবেদন নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে

| ক্রমিক | বিবরণ | তারিখ |
|---|---|---|
| ক) | অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ ও এর প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহের সর্বশেষ তারিখ: | ১৫/০৪/২০২৫ |
| খ) | আবেদনকারীকে প্রাথমিক আবেদন ফরমসহ আবেদন ফি বাবদ ৭০০/- (সাতশত) টাকা আবেদনকৃত কলেজে (কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে অথবা সরাসরি) জমা দেয়ার সর্বশেষ তারিখ: | ১৬/০৪/২০২৫ |
| গ) | কলেজ কর্তৃক অনলাইনে প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করার সর্বশেষ তারিখ: | ১৭/০৪/২০২৫ |
| ঘ) | কলেজ কর্তৃক আবেদনকারীদের প্রাথমিক আবেদন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের অংশ [আবেদনকারী প্রতি ৪৫০/- (চারশত পঞ্চাশ) টাকা হারে] সংশ্লিষ্ট খাতে (ভর্তি ফান্ড) যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ:<br>এ লক্ষ্যে কলেজকে **Login** এর মাধ্যমে **Application Payment Info (Honours)** অপশনে ক্লিক করে **Pay Slip** ডাউনলোড করতে হবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংক শাখায় নির্ধারিত ফি জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে। | ২১/০৪/২০২৫ থেকে ২৮/০৪/২০২৫ |

২০.০৩.২০২৫
(ড. মো. আশেক কবির চৌধুরী)
ডিন (ভারপ্রাপ্ত)
স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪
তারিখ: ২০/০৩/২০২৫

স্মারক নং: ১০(২২৬)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/২০২৫/৩১২৬

অনুলিপি:

১। সকল ডিন, জাতীয় বিশ্ববিদ্যালয়
২। সকল বিভাগীয় প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩। সচিব, ভাইস-চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৪। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর-১, জাতীয় বিশ্ববিদ্যালয়
৭। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর-২, জাতীয় বিশ্ববিদ্যালয়
৮। অফিস কপি।

২০.০৩.২০২৫
(মো. আবুল কাসেম)
উপ-রেজিস্ট্রার (সার্বিক)
স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪
ফোন : ০২-৯৯৬৬৯১৫৮৪
ই-মেইল: adm.hons@nu.ac.bd